[redacted] ‘[redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted]-[redacted] [redacted] [redacted], [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

সহকারি কমিশানার ভ’মি) মায়েন উদ্দিন জানান, নুরুজ্জামান তাদের শরিকানা জমি ৭ভাইয়ের মধ্যে চার ভাইয়ের সাথে রেজিষ্ট্রি করে নেয়। কিন্তু তিন ভাই তার নামে রেজিষ্ট্রি দেয়নি। কিন্তু তিনি সাত ভাই রেজিষ্ট্রি দিয়েছে উল্লেখ করে জমি জাল দলিল তৈরি করেন।

সেই জাল দলিল দিয়ে তিনি নামজারির আবেদন করেন। নমজারির আবেদনে দলিল দেখে সন্দেহ হলে তাকে শুনানিতে ডাকা হয়। পরে তিনি জাল দলির করার বিষয়টি স্বীকার করেন। সেই অপরাধে দন্ডবিধির ১৮৬১ এর ১৭১ ধারা মোতাবেক দোষী সাব্যস্ত করে তাকে ৭দিনের বিনাশ্রম কারাদন্ড দেওয়া হয়েছে।

কোটচাঁদপুরে ক্রিকেট খেলতে গিয়ে যুবকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্রিকেট খেলা খেলতে গিয়ে তিতাস হোসেন
(২২) নামে এক যুবকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে উপজেলার শালকুপা গ্রামে মর্মান্তিক এ ঘটনা ঘটে।

তিতাস হোসেন উপজেলার সাফদারপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা গ্রামের শুবরাত আলীর ছেলে।

স্থানীয়সূত্রে জানা যায়, রবিবার বিকালে তিতাস বন্ধুদের সাথে ক্রিকেট খেলা খেলতে পার্শ্ববর্তী শালকুপা গ্রামে যায়। এসময় খেলার মাঠে বল করতে গিয়ে তিতাস হটাৎ মাটিতে পড়ে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত কোটচাদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে এ নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরিবারের দাবি তিতাসের হৃদরোগের সমস্যা ছিল।

এদিকে তিতাসের মৃত্যুর খবরে পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি

[redacted]

[redacted]

- গাংনী প্রতিনিধি

গাংনীর কচুইখালিতে গোষ্ঠলীলা কীর্ত্তণ ও ভোগ মহৎসব অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার কচুইখালি গ্রামে গোষ্ঠলীলা কীর্ত্তণ ও ভোগ মহৎসব অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১১টার দিকে গ্রামের নিজুদীপা শ্মশান প্রাঙ্গনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ সাহিদুজ্জামান খোকন।

শ্মশান কমিটির সভাপতি রবিন হালদারের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা,জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মখলেছুর রহমান মুকুল, বিআরডিবি সভাপতি আলি আজগর, ধানখোলা ইউনিয়ন (ক) আওয়ামী লীগের সভাপতি আলি আজগর, সাধারণ সম্পাদক রুহুল আমিন,

খ ইউনিটের সভাপতি মেম্বর জাফর আলি, সাধারণ সম্পাদক আঃ রাজ্জাক, কাথুলি ইউনিয়ন আওয়মী লীগের সভাপতি মোঃ গোলজার হোসেন, পুজা উদযাপন কমিটির সভাপতি মনোরঞ্জন হালদার, পরিচলনা কমিটির সভাপতি নাদু গোপাল, খুদিরাম হালদার,মঙ্গল কর্মকার, বাসু সাহা, চিত্ত হালদার সহ অনুষ্ঠান পরিচালনা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

ইসলামি বিশ্ববিদ্যালয়ের সিনিয়র টেকনিক্যাল অফিসার ডাঃ অশোক চন্দ্র বিশ্বাসের সার্বিক তত্বাবধানে অনুষ্ঠানের শুরুতে মঙ্গল প্রদিপ প্রজ্জলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সুচনা করেন এমপি সাহিদুজ্জামান খোকন।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওয়াজ্জেল হোসেন।

- গাংনী প্রতিনিধি

ঝিনাইদহে ‘সম্প্রীতি সংলাপ’ অনুষ্ঠিত

‘গাহি সাম্যের গান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে সম্প্রীতি সংলাপ অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে রোববার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

শোভযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে সংলাপ অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্প্রীতি সংলাপে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি সংসদ সদস্য আব্দুল হাই।

বক্তব্য রাখেন, সম্প্রীতি বাংলাদেশের আহবায়ক পীযুষ বন্দোপাধ্যায়, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, সম্প্রীতি বাংলাদেশের সদস্য সচিব অধ্যাপক ডাঃ মামুন আল মাাহতাব স্বপ্নীল, যুগ্ম আহবায়ক সাবেক সচিব নাসির উদ্দিন আহমেদ, মিহির কান্তি ঘোষ, মাওলানা মহম্মদ উল্লাহ, নারায়ন চন্দ্র বিশ্বাস, জন তালুকদার, আব্দুল হাফিজ, স্কুল ছাত্রী সানজিদা ইসলাম নুপুর, সম্প্রীতি বাংলাদেশের জেলা আহবায়ক সাংবাদিক এম সাইফুল মাবুদ, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস ও শিক্ষিকা জয়া রানী চন্দ।

বক্তারা, প্রীতি ও সহমর্মিতার বন্ধন অটুট রেখে সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সকলকে এক সাথে কাজ করে যাওয়ার আহবান জানান।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে পলিথিন রাখার অপরাধে ব্যবসায়ীকে জরিমানা

ঝিনাইদহে পলিথিন রাখার অপরাধে দুই ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

শনিবার সন্ধ্যায় শহরের নতুন হাটখোলা বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে দুই দোকান থেকে ৪০ কেজি পলিথিন জব্দ করে।

ভ্রাম্যমান আদালতের বিচারক সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে নতুন হাটখোলার সুমন স্টোর ও মান্নান স্টোরে অভিযান চালানো হয়। এসময় তাদের দোকান থেকে ৪০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন উদ্ধার করা হয়।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইনে সুমন স্টোরের মালিক অর্জুন বিশ্বাস ও মান্নান স্টোরের মালিক আব্দুল মান্নানকে ২ হাজার টাকা করে মোট ৪ হাজার টাকা জরিমানা করা হয়। পরে জব্দকৃত পলিথিন পুড়িয়ে ফেলা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে পুনাকের পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহে পুলিশের নারী কল্যাণ সমিতির (পুনাক) পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

রোববার বিকেলে পুলিশ লাইনসে এ কম্বল বিতরণ করা হয়।

এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, কনক কুমার দাস, তারেক আল মেহেদী, সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম, পুনাকের সভাপতি নাহিদা আফরোজ, সহ-সভাপতি লাইলা আক্তার, সাধারণ সম্পাদক রিতু দাস, কোষাধ্যক্ষ রাশেদা খানম, সদস্য সুমাইয়া সুচনা, সুলতানা পারভীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ২ শতাধিক অসহায় দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

মুজিবনগরে বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে প্রেমিকার অনশন

মুজিবনগরে মাসুদ রানা (২১) নামের এক যু্বকের সাথে দির্ঘ ২ বছর প্রেম করার পর বিয়ের দাবিতে তার বাড়িতে অনশন করেছে হাবিবা খাতুন
(১৬) নামের এক কিশোরী।
রবিবার সকাল ৯ টার পর থেকে তার বাড়িতে দিনভর বসে আছে বলে জানিয়েছে হাবিবা খাতুন।

প্রেমিক মাসুদ রানা মুজিবনগর উপজেলার সোনারপুর মাঝপাড়া গ্রামের ইকতার হোসেনের ছেলে এবং প্রেমিকা হাবিবা খাতুন একই উপজেলার দারিয়াপুর গ্রামের মৃত হাবিব এর মেয়ে।

প্রথমত অবস্থায় বিয়ে দেয়ার কথা বলে ঘরে তুলে নিয়ে বিভিন্নভাবে হুমকি ধামকি দিয়ে আবারো বাইরে বের করে দিয়েছে ছেলে ও তার পরিবার।

এদিকে হাবিবা খাতুন তার বাড়িতে অনশন করার পর থেকে মাসুদ রানা বিয়ে না করার কথা বলে গা ঢাকা দিয়েছে ।

আরো পড়ুন: মেহেরপুরে তাঁতী লীগ নেতা পাভেলের আত্মহত্যা !

হাবিবা খাতুন জানান, দির্ঘ ২ বছর যাবত মাসুদ রানা ও আমি একে অপরকে ভালোবেসে আসছে। রিলেশন চলাকালিন সময়ে মাসুদে আমাকে তার স্ত্রী পরিচয়ে বিভিন্ন বন্ধুর বাড়িতে, সিনেমা হলে ও পার্কে নিয়ে গেছে।

এছাড়া আমার মায়ের কাছো আমাকে বিয়ের কথা বলে আমার পরিবারের কাছ থেকে সমস্যার কথা বলে বিভিন্ন সময় টাকা নিয়ে এসেছে। কিন্তু কিছুদিন আগে কোন এক কারনে ঝামেলার কারনে টাকার বিষয়টি লিখিত করে মিমাংসা করা হয়।

আমি মাসুদকে বার বার বিয়ের কথা বললে মাসুদ আমাকে প্রতিশ্রুতি দিয়ে আসছে। কিন্তু আমি বুঝতে পেরেছি যে সে আমাকে ছাড়াও অন্য মেয়েদের সাথে সম্পর্ক করে। তাই আমি তাকে বিয়ে করার জন্য আজ সকালে তার বাড়িতে অবস্থান করেছি।

হুমকির বিষয়ে জানতে চাইলে হাবিবা বলেন, আমি যখন তার বাড়িতে অবস্থান করি। প্রথমত অবস্থায় তারা মেনে নিয়ে আমাকে ঘরে তুলে নেয় এবং বলে তোমার পরিবারের লোকজনকে খবর দাও আমরা বিয়ে দেবো। তাদের কথামত আমি আমার পরিবারের লোকজনদের ফোন করে এখানে আসতে বলি।

কিন্তু পরবর্তিতে মাসুদ এসে আমাকে বিভিন্ন হুমকি ধামকি দিতে থাকে। এবং বলে তোকে আমার পছন্দ না,আমি তোকে বিয়ে করতে পারবো না।তুই আমাকে এভাবে বিয়ে করে সুখি হতে পারবি না।এই বলে আবার আমাকে ঘর থেকে বাইরে বের করে দিলো। কিন্তু আমি সব কিছু ভুলে তার বাড়ির উঠানে বসে থাকি।

আরো পড়ুন:স্বপ্নে দেখে গাছের বিয়ে দিলেন এক নারী!

কেন সে ছেলের বাসার সামনে বসে আছে সে বিষয়ে জানতে চাইলে সে জানায়, আমার এই মুখ নিয়ে আমি আর বাসায় যেতে পারবো না। আমি যখন তার বাড়ি থেকে চলে এসেছি,তাকে বিয়ে না করা পর্যন্ত বাড়ি ফিরবো না। শেষ প্রযন্ত যদি তার সাথে আমার বিয়ে না হয় তাহলে আমি আত্মহত্যা করবো।

মাসুদের চাচা মুক্তার হোসেন বলেন, মাসুদের বাবা বিদেশ আছে। আমি আমার ভাইয়ের সাথে কথা বলেছি। পরবর্তিতে মেয়ে পক্ষের লোকজনদের

এখানে আসতে বলেছি। তারা আসলে তাদের সাথে কথা বলে এটার একটা মিমাংসা করে কি করা যায় সে ব্যাবস্থা করা হবে।

ঘটনার বিষয়ে ইউপি সদস্য সোহরাব হোসেন জানান, আমি ঘটনা শোনার পর ছেলের বাসায় এসেছি। এসে মেয়েকে ছেলের বাসার সামনে বসে থাকতে দেখেছি। দুই পক্ষের লোকজন নিয়ে আমি বসবো। তারপর দুপক্ষের মতক্রমে তাদের দুজনের বিয়ে দেওয়া যায় কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

- শাকিল রেজা, মুজিবনগর

মেহেরপুরের বারাদির জাসদ নেতা আবু সিদ্দিক আর নেই

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বারাদি- মোমিনপুর গ্রামের বাসিন্দা ও মেহেরপুর জেলা জাসদের সদস্য আবু সিদ্দিক ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

রবিবার দুপুর সাড়ে ১২ টার দিকে নিজ বাসভবনে হৃদযন্ত্রে ক্রিয়া বন্ধ হয়ে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি ওই গ্রামের মরহুম মোহাম্মদ আলীর বড় ছেলে এবং বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ হযরত মাওলানা তালেব উদ্দিনের বড় ভাই।

কর্মজীবনে তিনি নাসির টোব্যাকো ইন্ডাস্ট্রিজ এর ম্যানেজার হিসাবে চাকরি জীবন শেষ করেন। ২০১০ সালে তিনি অবসরে নেন। ছাত্রজীবন থেকেই তিনি তিনি জাসদের রাজনীতির সাথে জড়িত ছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি এক ছেলে এক মেয়ে জামাতা বৌমা নাতনি নাতি সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

এদিকে জাসদ নেতা আবু সিদ্দিকের মৃত্যুতে শোক জানিয়েছেন রাজনৈতিক সহযোদ্ধা জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

তিনি এক শোক বিবৃতিতে বলেন, ছাত্র জীবনে আবু সিদ্দিক বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাসী বাংলাদেশ ছাত্রলীগের মেহেরপুর কলেজ শাখার

সাধার সম্পাদক ছিলেন। বর্তমানে তিনি মেহেরপুর জেলা জাসদের সদস্য ছিলেন। সদা হাস্যজ্জল মানুষটি বড্ড অসময়ে চলে গেলেন। সর্বদা বাম চিন্তাবে ধারণ করেই জীবন যাপন করতেন তিনি। এটি সাম্যের সমাজ, একটি নায্যতার ও মানবিক সমাজ প্রতিষ্ঠার যে কোন রঢ়াইয়ে নিজেকে সম্পৃক্ত করতেন। তার এই মৃত্যুতে জেলা জাসদ গভীর শোক ও পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করছে।

- বারাদি প্রতিনিধি